Spreadsheet Analysis Software (Microsoft Excel) এর মধ্যে কাজ করার সময় বিভিন্ন সেলকে মনের ইচ্ছেমত সেটিং করতে হয়। যে কোন একটি কাজের ফরমেট তৈরী করার জন্য Format Menu এর অধীনস্থ Cell এর সাহায্য নিতে পারি। এর মাধ্যমে আমরা Number Setting, Alignment, Font, Border, Pattern, Protection ইত্যাদি কাজ করতে পারি। মনে রাখতে হবে যে যে কয়টি Cell কে নিয়ে সেটিং করতে চাই সেই Cell গুলোকে Block/Select করতে হবে।

### ● Format Click

● Cells Click করলে Format Cells Dialog Box আসবে তখন এই Dialog Box এর মধ্যে আলাদা আলাদা ভাবে ছয়টি ট্যাব প্রদর্শিত হবে। এই ছয়টি ট্যাবের সাহায্যে ছয় প্রকারের Cell Setting করা যায়। আসুন আমরা এবার দেখি এই ছয়টি ট্যাবের কেনটির সাহায্যে কি কাজ করা যায়।

- (A) **To Use Number Tab** (নাম্বার ট্যাবের ব্যবহার) : এর সাহায্যে আমরা নাম্বার সেটিং করতে পারি। নাম্বারের ক্ষেত্রে দশমিকের পর কতগুলো শূন্য (0) হবে, সংখ্যাতে Currency চিহ্ন দেওয়া, সংখ্যাতে Percentage চিহ্ন দেওয়া, সংখ্যাকে Neumatic থেকে Text এ পরিবর্তন করা, সংখ্যাকে Customize করা ইত্যাদি কাজ করতে পারি। সংখ্যাকে পূর্বাবস্থায় ফিরিয়ে আনার জন্য Block/Select থাকাবস্থায় এই Tab (ট্যাব) এর অধীনস্থ General Click করে Ok Click করতে হবে।
- (B) **To Use Alignment Tab** (এ্যালাইনমেন্ট ট্যাবের ব্যবহার) : যে কোন Text Or Number কে Block/Select করে এই ট্যাবের সাহায্যে বিভিন্ন এ্যাঙ্গেলে সাজানো যায়। Text Or Number কে পূর্বাবস্থায় ফিরিয়ে নেওয়ার জন্য Block/Select থাকাবস্থায় এই Tab (ট্যাব) এর অধীনস্থ 0 (শূন্য) Degrees Select করে Ok Click করতে হবে।
- (C) **To Use Font Tab** (ফন্ট ট্যাবের ব্যবহার) : Format Menu এর অন্তর্গত Font এর সাহায্যে লেখাকে বিভিন্ন রকম ডিজাইন করার কাজ আমরা Microsoft Word এ শিখেছি। এখানেও ঠিক একই পদ্ধতিতে Block/Select থাকাবস্থায় Font Tab Select করার পর লেখাকে বিভিন্ন রকম ডিজাইন করে মনের ইচ্ছেমত Format তৈরী করা যায়। পূর্বাবস্থায় ফিরে আসার জন্য Block/Select থাকাবস্থায় এই এই Tab (ট্যাব) এর অধীনস্থ Normal Font এর বাম দিকে ঠিক চিহ্ন দিয়ে Ok Click করতে হবে।
- (D) **To Use Border Tab** (বর্ডার ট্যাবের ব্যবহার) : Format Menu এর অন্তর্গত Border & Shading এর সাহায্যে লেখাকে বিভিন্ন রকম Border দেওয়ার কাজ আমরা Microsoft Word এ শিখেছি। এখানেও ঠিক একই পদ্ধতিতে Block/Select থাকাবস্থায় Border Tab Select করার পর লেখাকে বিভিন্ন রকম ডিজাইন করে মনের ইচ্ছেমত Border দেওয়ার কাজ করা যায়। পূর্বাবস্থায় ফিরে আসার জন্য Block/Select থাকাবস্থায় এই এই Tab (ট্যাব) এর অধীনস্থ None Click করে Ok Click করতে হবে।
- (E) **To Use Pattern Tab** (প্যাটার্ন ট্যাবের ব্যবহার) : Format Menu এর অন্তর্গত Border & Shading এর Shading Tab এর সাহায্যে লেখার Background এর মধ্যে বিভিন্ন রকম Color (রং) করার কাজ আমরা Microsoft Word এ শিখেছি। এখানেও ঠিক একই পদ্ধতিতে Block/Select থাকাবস্থায় Pattern Tab Select করার পর লেখার Background এর মধ্যে বিভিন্ন রকম Color (রং) করে মনের ইচ্ছেমত Format তৈরী করা যায়। পূর্বাবস্থায় ফিরে আসার জন্য Block/Select থাকাবস্থায় এই এই Tab (ট্যাব) এর অধীনস্থ No Color Click করে Ok Click করতে হবে।
- (F) **To Use Protection Tab** (প্রোটেকশন ট্যাবের ব্যবহার) : প্রয়োজন নেই।

## 2. Row (রো সংক্রান্ত বিভিন্ন কাজ) :

(ক) **To Change Row Height** (রো এর উচ্চতা পরিবর্তন করা) :

- ✓ যে Row গুলোর উচ্চতা পরিবর্তন করতে চাই সেগুলো Block/Select করে
- ✓ Format Click, Row Select করে
- ✓ Height Click করে প্রয়োজনমত উচ্চতা লিখে দিয়ে
- ✓ Ok Click করলে Block/Select কৃত Row গুলোর উচ্চতা পরিবর্তন হবে।

**NB** : মনে রাখতে হবে যে, প্রতিটি Row এর স্বাভাবিক উচ্চতা ১২.৭৫।

(খ). **To Normal Row Height** (রো এর উচ্চতা স্বাভাবিক করা) :

- ☛ যে Row (রো) গুলোর উচ্চতা স্বাভাবিক করতে চাই সেই Row (রো) গুলোর উচ্চতা অস্বাভাবিক থাকাবস্থায় Block/Select করে
- ☛ Format Click
- ☛ Row Select করে
- ☛ Auto Fit Click করলেই Block/Select কৃত Row গুলোর উচ্চতা স্বাভাবিক হবে। অথবা পুনরায় Height Box Open করে ১২.৭৫ লিখে Ok Click করলে Block/Select কৃত Row গুলোর উচ্চতা স্বাভাবিক হবে।

(গ). **To Hide Row** (রো লুকিয়ে রাখা) :

- ☛ যে Row (রো) গুলো লুকিয়ে রাখতে চাই সেগুলো Block/Select করে
- ☛ Format Click
- ☛ Row Select করে
- ☛ Hide Click করলে Block/Select কৃত Row গুলো লুকিয়ে যাবে।

(ঘ). **To Unhide Row** (লুকিয়ে রাখা রো ফিরিয়ে আনা) :

- ☛ যে Row (রো) গুলো ফিরিয়ে আনতে চাই সেগুলোর পূর্ববর্তী ও পরবর্তী Row (রো) দুটি Block/Select করে
- ☛ Format Click
- ☛ Row Select করে
- ☛ Unhide Click করলে অন্তর্বর্তী লুকিয়ে রাখা Row (রো) গুলো ফিরে আসবে এবং দৃশ্যমান হবে।

### 3. Column (কলাম সংক্রান্ত বিভিন্ন কাজ) :

(ক) **To Change Column Hidth** (কলাম এর প্রস্থ পরিবর্তন করা) :

- ☛ যে Column (কলাম) গুলোর প্রস্থ পরিবর্তন করতে চাই সেগুলো Block/Select করে
- ☛ Format Click
- ☛ Column (কলাম) Select করে
- ☛ Height Click করে প্রয়োজনমত প্রস্থ লিখে দিয়ে
- ☛ Ok Click করলে Block/Select কৃত Column (কলাম) গুলোর প্রস্থ পরিবর্তন হবে।

**NB** : মনে রাখতে হবে যে প্রতিটি Column (কলাম) এর স্বাভাবিক প্রস্থ ৮.৪৩।

(খ). **To Normal Column Hidth** (কলাম এর প্রস্থ স্বাভাবিক করা) :

- ☛ যে Column (কলাম) গুলোর প্রস্থ স্বাভাবিক করতে চাই সেই Column (কলাম) গুলোর প্রস্থ অস্বাভাবিক থাকাবস্থায় Block/Select করে
  - ☛ Format Click
  - ☛ Column (কলাম) Select করে
  - ☛ Height Click করে ৮.৪৩ লিখে Ok Click করলে Block/Select কৃত Column (কলাম) গুলোর প্রস্থ স্বাভাবিক হবে।
- অপরদিকে Column (কলাম) গুলোর প্রস্থ অস্বাভাবিক থাকাবস্থায় Block/Select করে
- ☛ Format Click
  - ☛ Column (কলাম) Select করে
  - ☛ AutoFit Selection Click করলে Column (কলাম) গুলোর মধ্যে লেখার উপর ভিত্তি করে Column (কলাম) এর প্রস্থ নির্ধারিত হবে।

(গ). **To Hide Column** (কলাম লুকিয়ে রাখা) :

- ☛ যে Column (কলাম) গুলো লুকিয়ে রাখতে চাই সেগুলো Block/Select করে
- ☛ Format Click
- ☛ Column (কলাম) Select করে
- ☛ Hide Click করলে Block/Select কৃত Column (কলাম) গুলো লুকিয়ে যাবে।

(ঘ). **To Unhide Column** (লুকিয়ে রাখা কলাম ফিরিয়ে আনা) :

- ☛ যে Column (কলাম) গুলো ফিরিয়ে আনতে চাই সেগুলোর পূর্ববর্তী ও পরবর্তী Column (কলাম) দুটি Block/Select করে
- ☛ Format Click
- ☛ Column (কলাম) Select করে
- ☛ Unhide Click করলে অস্তবর্তী লুকিয়ে রাখা Column (কলাম) গুলো ফিরে আসবে এবং দৃশ্যমান হবে।

(ঙ). **To See Column Standard width** (কলামের স্বাভাবিক প্রস্থ দেখা) :

- ☛ কাজ করতে অনেক সময় আমাদের Column (কলাম) এর স্বাভাবিক প্রস্থ কত তা মনে নাও থাকতে পারে। এই অবস্থায় Column (কলাম) এর স্বাভাবিক প্রস্থ দেখার জন্য
- ☛ Format Click
- ☛ Column (কলাম) Select করে
- ☛ Standard width Click করলেই Standard width Dialog Box আসবে এবং এই অবস্থায় আমরা Column (কলাম) এর স্বাভাবিক প্রস্থ দেখতে পারি।

#### 4. Sheet (ওয়ার্কশীট সংক্রান্ত বিভিন্ন কাজ) :

(ক) **To Rename Worksheet** (ওয়ার্কশীটের নাম পরিবর্তন করা) :

- ☛ যে Worksheet এর নাম পরিবর্তন করতে চাই সেই Worksheet এর মধ্যে Cell Pointer রেখে
- ☛ Format Click
- ☛ Sheet Select করে
- ☛ Rename Click করে পরিবর্তিত নামটি লিখে Worksheet এর যে কোন জায়গায় Click করলেই Worksheet এর নাম পরিবর্তিত হবে।

(খ). **To Hide Worksheet** (ওয়ার্কশীটকে লুকিয়ে রাখা) :

- ☛ যে Worksheet টি লুকিয়ে রাখতে চাই সেই Worksheet এর মধ্যে Cell Pointer রেখে
- ☛ Format Click
- ☛ Sheet Select করে
- ☛ Hide Click করলে Worksheet টি লুকিয়ে যাবে। মনে রাখতে হবে যে, সর্বশেষ Worksheet টি লুকিয়ে রাখা যাবে না।

(গ). **To Unhide Worksheet** (লুকিয়ে রাখা ওয়ার্কশীটকে ফিরিয়ে আনা) :

- ☛ Worksheet লুকানো আছে এরকম একটি Book/File এ থাকাবস্থায়
- ☛ Format Click
- ☛ Sheet Select করে
- ☛ Unhide Click করলেই Unhide Dialog Box আসবে তখন যে নামের Worksheet টি ফিরিয়ে আনতে চাই সেই নামের উপর Click (ক্লিক) করে
- ☛ Ok Click করলেই লুকিয়ে রাখা ওয়ার্কশীটটি ফিরে আসবে।

(ঘ). **To Create Worksheet Background** (ওয়ার্কশীটের ব্যাকগ্রাউন্ড দেওয়া) :

- ☛ যে Worksheet টির ব্যাকগ্রাউন্ড দিতে চাই সেই Worksheet এর মধ্যে Cell Pointer রেখে
- ☛ Format Click
- ☛ Sheet Select করে
- ☛ Background Click করলে Sheet Background Dialog Box আসবে তখন From File থেকে যে কোন একটি ছবি পছন্দমত Select করে
- ☛ Insert Click করলে সম্পূর্ণ Worksheet এর Background এর মধ্যে Select কৃত ছবিটি চলে যাবে। তবে ঐ ছবিটি শুধুমাত্র Normal Mode এ প্রদর্শিত হবে। অর্থাৎ ঐ ছবিটি Print Preview Mode এ প্রদর্শিত হবে না। পরবর্তীতে
- ☛ Format Click
- ☛ Sheet Select করে
- ☛ Delete Background Click করলে Worksheet টি পূর্বাবস্থায় চলে যাবে। অর্থাৎ Background এর ছবিটি মুছে যাবে।

### **5. AutoFormat (টেবিলকে বিভিন্ন রকম ডিজাইন করা) :**

**(ক). To Create AutoFormat (ডিজাইন তৈরী করা) :**

- ☛ যে কয়টি Cell কে নিয়ে AutoFormat (ডিজাইন) করতে চাই সেই Cell গুলোকে Block/Select করে
- ☛ Format Click
- ☛ AutoFormat Click করলে AutoFormat Dialog Box আসবে তখন Table Format List থেকে পছন্দমত Style Select করে
- ☛ Ok Click করলে Block/Select কৃত Cell গুলো পছন্দমত AutoFormat হয়ে যাবে ।

**(খ). To Delete AutoFormat (ডিজাইন বাদ দেওয়া) :**

- ☛ পূর্বে AutoFormat করা থাকতে হবে । তারপর
- ☛ যে কয়টি Cell এর AutoFormat (ডিজাইন) বাদ দিতে চাই সেই Cell গুলোকে Block/Select করে
- ☛ Format Click
- ☛ AutoFormat Click করলে AutoFormat Dialog Box আসবে তখন Table Format List থেকে None Select করে
- ☛ Ok Click করলে Block/Select কৃত Cell গুলো থেকে AutoFormat বাদ হয়ে যাবে ।

### **6. Style (নিজস্ব ফরমেটিং ডিজাইন তৈরী করা) :**

**(ক). To Create Style (স্টাইল তৈরী করা) :**

- ☛ Format Click
- ☛ Style Click করলে Style Dialog Box আসবে তখন যে কোন একটি নাম লিখে
- ☛ Modify Click করলে Cells Dialog Box আসবে তখন এই Box এর সহায়তায় যে সকল কাজ পূর্বে শিখেছি সবই করা যাবে । মনের ইচ্ছেমত সবগুলো Style Setting করে দুইবার Ok Click করলেই স্টাইল তৈরী হয়ে যাবে । প্রয়োজন হলে তৈরীকৃত Style (ডিজাইন) টি পুনরায় Modify (সংশোধন) করতে পারি ।

**(খ). To Apply The Style (ডিজাইনের ব্যবহার করা) :**

- ☛ যে Cell গুলোর মধ্যে Style (ডিজাইন) এর ব্যবহার করতে চাই সেই Cell গুলোকে Block/Select করে তারপর
- ☛ Format Click
- ☛ Style Click করলে Style Dialog Box আসবে তখন যে নামের Style (ডিজাইন) এর ব্যবহার করতে চাই সেই নামটি Select করে তারপর
- ☛ Ok Click করতে হবে । ফলে তৈরীকৃত Style (ডিজাইন) এর ব্যবহার হবে ।

**(গ). To Delete Style (ডিজাইন মোছা) :**

- ☛ পূর্বে Style (ডিজাইন) তৈরী করা থাকতে হবে তারপর
- ☛ Format Click
- ☛ Style Click করলে Style Dialog Box আসবে তখন Style Name List থেকে যে নামের Style (ডিজাইন) টি মোছতে চাই সেই নামটি Select করে তারপর
- ☛ Delete Click
- ☛ Ok Click করলেই তৈরীকৃত Style (ডিজাইন) টি মোছে যাবে ।

\*\*\*\*\*

## \*\* tools menu \*\*

### 1. Spelling (বানান শুদ্ধ করা) :

- লেখার মধ্যে বানান বা গ্রামার সংক্রান্ত কোন ভুল থাকলে তা চেক করা বা ঠিক করার জন্য Cell Pointer File/Book এর শুরুতে রেখে
- Tools Click
- Spelling Click Or Keyboard Key F7 Press করলে ঐ File/Book এর অধিনস্থ কোন বানান ভুল বলে মনে হলে তা শুদ্ধ করার জন্য Spelling Dialog Box আসবে তখন ঐ File/Book এর অধিনস্থ যে Word টি ভুল বলে মনে হবে সেই Word এর মধ্যে Cell Pointer চলে যাবে। এই অবস্থায় যদি ঐ Word টির শুদ্ধ বানান Computer Dictionary তে থাকে তবে Suggestions Box এর মধ্যে সেই Word টির সম্ভাব্য শুদ্ধ বানানগুলি দেখাবে। তখন যদি শুদ্ধ বানান খুঁজে পাওয়া না যায় বা না থাকে তবে Change To Box এর মধ্যে শুদ্ধ বানানটি লিখে তারপর
- Change Click করলে শুধু ঐ বানানটি শুদ্ধ হবে।
- Change All Click করলে ঐ বানানটি যতবার উল্লেখ করা আছে সবগুলো একসাথে শুদ্ধ হবে।
- Ignore Click করলে ঐ বানানের কোন পরিবর্তন হবে না অর্থাৎ যেভাবে আছে ঠিক সেভাবেই থাকবে।
- Ignore All Click করলে ঐ বানানটি যতবার উল্লেখ করা আছে সবগুলোই পূর্বাবস্থায় থাকবে।
- এভাবে সবগুলো বানান শুদ্ধ করা শেষ হলে একটি Dialog Box আসবে তখন
- Ok Click করতে হবে।

### 2. Auto Correct (স্বয়ংক্রিয়ভাবে সংশোধন হওয়া) :

- Tools Click
- Auto Correct Click করলে Auto Correct Dialog Box আসবে। তখন Replace Box এ Type করুন N এবং with box এ Type করুন National Computer Training Center তারপর
- Add Click
- Ok Click করতে হবে। পরবর্তীতে যে কোন Cell এর মধ্যে Cell Pointer রেখে N Type করে Spacebar চাপলেই National Computer Training Center লিখা হয়ে যাবে।

### 3. Protection (নিরাপত্তা দেওয়া) :

- Spreadsheet Analysis Software (Microsoft Excel) এ কাজ করার সময় অনেক সময়ই ব্যক্তিগত অনেক কাজ করতে হয়। এসকল কাজের মধ্যে যদি কেউ কোন পরিবর্তন করে তবে অনেক বড় রকমের ক্ষতি হয়ে যেতে পারে। তাই আমরা যে Worksheet এর মধ্যে কাজ করব সেই Worksheet টির নিরাপত্তা বিধান করা প্রয়োজন হয় এজন্য যে Worksheet টির নিরাপত্তা বিধান করা প্রয়োজন সেই Worksheet এর মধ্যে Cell Pointer রেখে
- Tools Click
- Protection Select করে
- Protect Sheet Click করলে Protect Sheet Dialog Box আসবে তখন Password Box এ যে Password টি দিতে চাই সেই Password টি লিখে
- Ok Click করে পরবর্তী Box এ ঐ একই Password লিখে
- Ok Click করলে ঐ Worksheet টির নিরাপত্তা বিধান হবে এবার ঐ Worksheet টিতে কোন কিছু পরিবর্তন করতে চেষ্টা করুন। পরবর্তীতে পুনরায় কাজ করতে হলে আবার
- Tools Click
- Protection Select করে
- Unprotect Sheet Click করে যে Word দিয়ে ঐ Worksheet টি Protect করা আছে সেই Word টি লিখে
- Ok Click করে পরবর্তীতে ঐ Worksheet টিতে কোন কিছু পরিবর্তন করতে চেষ্টা করি।

### 4. Goal Seek (লক্ষ্য নির্ধারণ করা) :

## Microsoft Excel XP

**প্রশ্ন :** একটি কম্পিউটার ক্রয় করতে হবে। তবে এর জন্য শর্ত হলো বকেয়া টাকার ১০% সুদ। মোট মূল্যের ৪৫% নগদ দিতে হবে এবং প্রতি মাসে ৭,০০০ টাকা পরিশোধ করতে হবে। সর্বোচ্চ কিস্তি ১২টি। এখন নিম্নলিখিত শর্তসাপেক্ষে মোট ক্রয় মূল্য, বকেয়া টাকা এবং নগদ টাকার পরিমাণ বের করুন ?

**উত্তর :** উপরের প্রশ্ন থেকে আমরা যা পেলাম তার পরিপ্রেক্ষিতে যা বের করতে হবে তা আমরা Goal Seek পদ্ধতির অবলম্বনে বের করতে পারব। সেক্ষেত্রে প্রশ্নে প্রাপ্ত তথ্যগুলো নিচের ছক অনুসারে লিখে ফেলুন।

	A	B	C	D	E
1	Interest	Terms	P. Price	L. Amount	F. Payment
2	10%	12			
3					

এবার সেল পয়েন্টার D2 Cell এ রেখে লিখুন = C2\*55% ←

এবং সেল পয়েন্টার E2 Cell এ রেখে লিখুন = C2\*45% ←

তারপর সেল পয়েন্টার C3 Cell এ রেখে লিখুন = PMT(A2/12, B2,-D2) ←

তারপর সেল পয়েন্টার C3 Cell এ রেখে

✓ Tools Click

✓ Goal Seek Click করলে Goal Seek Dialog Box আসবে তখন এর অধিনস্থ Set Cell এ লিখুন C3, To Value: এ লিখুন 7000, By Changing Cell এ লিখুন C2, এবার দুইবার OK তে Click করুন। আশাকরি এবার মোট ক্রয় মূল্য, বকেয়া টাকা এবং নগদ টাকার পরিমাণ জানতে পেরেছেন। কোন সমস্যা থাকলে শিক্ষকের সাহায্য নিন।

## 5. SCENARIOS (দৃশ্য পটায়ন) :

**প্রশ্ন :** গাড়ী কেনার জন্য ঋণ নিতে হবে। তবে এর জন্য শর্ত হলো, সুদের হার ১০%, মোট মূল্যের ৩০% নগদ দিতে হবে। ঋণের পরিশোধ হবে সর্বোচ্চ ১৫-৩০ বৎসরের মধ্যে। মনে করি গাড়ীর মূল্য ও ঋণের মেয়াদ :

৩০,০০,০০০ টাকা ১৫ বছর।

২৫,০০০,০০ টাকা ২০ বছর।

২০,০০০,০০ টাকা ২৫ বছর।

৪০,০০০,০০ টাকা ৩০ বছর।

এখন নিম্নলিখিত শর্তসাপেক্ষে মোট ক্রয় মূল্য, বকেয়া টাকা এবং নগদ টাকার পরিমাণ বের করুন ?

**উত্তর :** উপরের প্রশ্ন থেকে আমরা যা পেলাম তার পরিপ্রেক্ষিতে যা বের করতে হবে তা আমরা SCENARIOS পদ্ধতির অবলম্বনে বের করতে পারব। সেক্ষেত্রে প্রশ্নে প্রাপ্ত তথ্যগুলো নিচের ছক অনুসারে লিখে ফেলুন।

	A	B	C	D	E
1	P. Price	Interest	Terms	L. Amount	F. Payment
2		10%	15		
3					

এবার সেল পয়েন্টার D2 Cell এ রেখে লিখুন = A2\*70% ←

এবং সেল পয়েন্টার E2 Cell এ রেখে লিখুন = A2\*30% ←

তারপর সেল পয়েন্টার C3 Cell এ রেখে লিখুন = PMT(B2/12,C2\*12,-D2) ←

তারপর সেল পয়েন্টার C3 Cell এ রেখে

☞ Tools Click

☞ Scenarios Click করলে Scenario Manager Dialog Box আসবে তখন প্রথম শর্তটি (৩০০০০০০ টাকা ১৫ বৎসর) সংযুক্ত করার জন্য

☞ Add Click করে উপরের Box এ শর্তের নাম লিখুন 30lac, 15yr তারপর নিচের Box এ লিখুন A2,C2 (Purchase Price, Terms এর Cell No). তারপর

☞ OK Click করলে Scenario Values Dialog Box আসবে উপরের Box এ লিখুন টাকার পরিমাণ (3000000) এবং নিচের Box এ লিখুন ঐ টাকার অধিনস্থ বছরের পরিমাণ (15). তারপর

☞ OK Click করলে ঐ শর্তটি সংযুক্ত করা শেষ হলো। ঐ একই পদ্ধতিতে প্রশ্নে উল্লিখিত অন্যান্য শর্তগুলো একটি একটি করে সংযুক্ত করি। কাজশেষে

☞ Close Click করলে Scenario Manager Dialog Box টি চলে যাবে এবং পরবর্তীতে নিচে বর্ণিত উপায়ে ফলাফল প্রদর্শন করি।

◆ **To See The Scenario** (স্যাকনোরিও প্রদর্শন) :

- ☞ উপরে উল্লেখিত কাজগুলো শেষ হয়ে গেলে
- ☞ Tools Click
- ☞ Scenarios Click করলে Scenario Manager Dialog Box আসবে তখন যে Scenarios টি প্রদর্শন করতে চাই সেটি Select করে
- ☞ Show Click করলে Select কৃত Scenario টির ফলাফল প্রদর্শিত হবে। প্রদর্শন শেষে Close Click করলে Scenario Manager Dialog Box টি চলে যাবে।

◆ **To Delete The Scenario** (স্যাকনোরিও মোছা) :

- ☞ উপরের কাজগুলো শেষ হয়ে গেলে যখন মনে হবে স্যাকনোরিও আর রাখার প্রয়োজন নেই তখন মোছে ফেলার জন্য
- ☞ Tools Click
- ☞ Scenarios Click করলে Scenario Manager Dialog Box আসবে তখন যে Scenarios টি মোছতে চাই সেটি Select করে
- ☞ Delete Click করলে Select কৃত Scenario টি মোছা যাবে। মোছা শেষে Close Click করলে Scenario Manager Dialog Box টি চলে যাবে।

**6. Auditing** (সংশোধন করা) :

- ☞ পূর্বেই আমরা বিভিন্ন প্রকার Function ব্যবহার করে যোগ, বিয়োগ, গুন, ভাগ ইত্যাদি হিসাবকার্য শিখেছি। যে কোন হিসাব সম্পাদন শেষে এর অবকাঠামো মনে নাও থাকতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় একাধিক Cell যোগ করার পর আমরা হয়ত ভুলে যেতে পারি যোগফলটা কোন কোন Cell থেকে প্রাপ্ত। এজাতীয় সমস্যা বা আরও অনেক প্রকার সমস্যা থেকে মুক্তি পাওয়ার জন্য আমরা Tools Menu এর Auditing Sub Menu টির সাহায্য নিতে পারি। Auditing (সংশোধন করা) এর বিভিন্ন রকম ব্যবহার শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

**7. To Create a Macro** (একটি ম্যাক্রো তৈরি করা) :

- ☞ Tools Click
- ☞ Macro Select করে
- ☞ Record New Macro Click করলে Record Macro Dialog Box আসবে তখন Macro Name Box এর মধ্যে যে নামে Macro তৈরি করতে চাই সেই নামটি লিখে (উল্লেখ্য যে যদি Shortcut key ব্যবহার করতে চাই তবে ঐ key টি Type করতে হবে) পরবর্তীতে
- ☞ Ok Click করে Macro হিসাবে যা চাই তা একই Cell এ লিখে অন্য যে কোন একটি Cell এ Cursor নিয়ে
- ☞ Tools Click
- ☞ Macro Select করে
- ☞ Stop Recording Click করলেই ঐ নামে Macro হিসাবে লিখাটি Save হবে।

◆ **To See The Macro** (ম্যাক্রো প্রদর্শন) :

- ☞ উপরে উল্লেখিত কাজগুলো শেষ হয়ে গেলে যে Cell এ Macro (ম্যাক্রো) প্রদর্শন করতে চাই সেই Cell এ Cursor রেখে
- ☞ Tools Click
- ☞ Macro Select করে
- ☞ Macros Click করলে Macros Dialog Box আসবে তখন পূর্বে তৈরী করা Macro (ম্যাক্রো) এর নামগুলো প্রদর্শিত হবে এই অবস্থায় যে Macro (ম্যাক্রো) টি প্রদর্শন করতে চাই সেই Macro (ম্যাক্রো) এর নামটি Select করে
- ☞ Run Click করলেই ঐ নামে তৈরী করা Macro (ম্যাক্রো) টি Cursor রাখা Cell এ প্রদর্শিত হবে।

NB : যদি ঐ Macro (ম্যাক্রো) টি Create (তৈরী) করার সময় কোন Shortcut Key ব্যবহার করা হয়ে থাকে তবে যে Cell এর মধ্যে Macro (ম্যাক্রো) টি প্রদর্শন করতে চাই সেই Cell এর মধ্যে Cursor রেখে Keyboard এর মাধ্যমে ঐ Shorycut Key Press করলেই Macro (ম্যাক্রো) টি Cursor রাখা Cell এ প্রদর্শিত হবে।

◆ **To Delete The Macro** (ম্যাক্রো মোছা) :

- ☞ উপরে উল্লেখিত কাজগুলো শেষ হয়ে গেলে যখন তৈরী করা Macro (ম্যাক্রো) টি অপ্রয়োজনীয় বলে মনে হবে তখন যে কোন একটি Cell এ Cursor রেখে
- ☞ Tools Click
- ☞ Macro Select করে
- ☞ Macros Click করলে Macros Dialog Box আসবে তখন পূর্বে তৈরী করা Macro (ম্যাক্রো) এর নামগুলো প্রদর্শিত হবে এই অবস্থায় যে Macro (ম্যাক্রো) টি মোছতে চাই সেই Macro (ম্যাক্রো) এর নামটি Select করে
- ☞ Delete Click করলেই ঐ নামে তৈরী করা Macro (ম্যাক্রো) টি মোছে যাবে। পরবর্তীতে আমরা পরীক্ষা করে দেখতে পারি।

8. To Use Add Ins (এ্যাড ইন্স এর ব্যবহার) :-

- ☞ Tools Click
- ☞ Add-ins Click করলে সাথে সাথে Add-ins Dialog Box আসবে তখন
- ☞ Auto Save Add-ins Click করে টিক (✓) চিহ্ন দিয়ে
- ☞ Ok Click করলে Tools Menu তে Autosave নামে Sub Menu টি প্রদর্শিত হবে। তখন
- ☞ Tools Click
- ☞ Auto Save Click করে
- ☞ Automatic Save Every Box এ নির্দিষ্ট সময় নির্বাচন করে
- ☞ Ok Click করলে নির্দিষ্ট সময় পর পর File Save Dialog Box টি আসবে।

◆ **To Delete Auto Save** (অটোসেভ বাদ দেওয়া) :

- ☞ Tools Click
- ☞ Add-ins Click করলে সাথে সাথে Add-ins Dialog Box আসবে তখন
- ☞ Auto Save Add-ins Click করে টিক (✓) চিহ্ন তোলে দিয়ে
- ☞ Ok Click করলে পরবর্তীতে Tools Menu তে Autosave নামে Sub Menu টি প্রদর্শিত হবে না।

\*\*\*\*\*



# \*\* Data menu \*\*

## 1. Sort (ডাটা সাজানো) :

**NB :** অনেক সময়ই আমাদের কাজ করার ক্ষেত্রে যে কোন Column (কলাম) কে ছোট থেকে বড় অথবা বড় থেকে ছোট আকারে দেখার প্রয়োজন হয়। এর সাহায্যে আমরা Column (কলাম) ভিত্তিক যে কোন কিছু খুঁজে বের করতে পারি। এই কাজটি করার জন্য আমরা নিম্নরূপ একটি ছক তৈরী করি।

	A	B	C	D	E	F	G
1	SL NO	NAME	BASIC	H-RENT	M-ALU	LUNCH	TOTAL
2	001	Azibor	Number	Number	Number	Number	Formula
3	002	Chand	Number	Number	Number	Number	Formula
4	003	Rajon	Number	Number	Number	Number	Formula
5	004	Rakib	Number	Number	Number	Number	Formula

উপরের তথ্যগুলো লেখা শেষ হয়ে গেলে Cell Pointer Data এর মধ্যবর্তী যে কোন জায়গায় রেখে

- \* Data Click
- \* Sort Click
- \* Sort By Button Click করলে তৈরীকৃত Field (ফিল্ড) গুলো দেখা যাবে তখন যে কোন একটি Field (ফিল্ড) Click (ক্লিক) করে
- \* Ascending Click করি (যদি Select কৃত Column টি ছোট থেকে বড় আকারে দেখতে চাই)
- \* Descending Click করি (যদি Select কৃত Column টি বড় থেকে ছোট আকারে দেখতে চাই)
- \* পরবর্তীতে Ok Click করলেই আশানুরূপ ফলাফল পাওয়া যাবে।

## 2. FILTER (ডেটা খোঁজা) :

- \* Cursor (কার্সর) যে কোন একটি Field এর মধ্যে রেখে
- \* Data Click
- \* Filter Click
- \* Auto Filter Click করলে প্রত্যেকটি ফিল্ডের (Field) নামের পাশে ফিল্টার বাটন চলে আসবে তখন যে কোন একটি Field Button Click করে যে কোন ডেটাতে Click (ক্লিক) করলে শুধু মাত্র ঐ Column (কলাম) এর অন্তর্গত সেই ধরনের সব ডেটাগুলো দেখা যাবে। কাজশেষে আবার সব রেকর্ড ফিরিয়ে আনতে হলে
- \* Data Click
- \* Filter Click
- \* Show All Click করতে হবে। অথবা ঐ Field Button Click করে
- \* All Click করামাত্রই সবগুলো রেকর্ড চলে আসবে।

### ♣ To Create Custom Filter (কাস্টম ফিল্টার তৈরি) :

\* Custom Filter করতে হলে কতগুলো Relation Operator এর দরকার হয়। যেমন :

- = Equal
- > Greater Than
- < Less Than
- >= Greater Than or Equal To
- <= Not Equal To
- <> Not Equal To ইত্যাদি।

\* Custom Filter এর বিভিন্ন প্রকার ব্যবহার আছে। এগুলো শিক্ষকের নিকট থেকে ভালকরে জেনে নিন। এছাড়াও বিভিন্ন প্রকার Filter সম্পর্কে যদি কিছু জানার থাকে তবে অবশ্যই তা শিক্ষকের নিকট থেকে জেনে নিবেন।

♣ **To Delete Auto Filter** (অটো ফিল্টার মোছা) :

- ✓ Custom Filter করা শেষ হয়ে গেলে যখন ফিল্টার বাটন মোছার প্রয়োজন হবে তখন
- ✓ Data Click
- ✓ Filter Click
- ✓ Auto Filter Click করে ঠিক চিহ্ন (√) তোলে দিতে হবে। ঠিক চিহ্ন (√) তোলে দিলে ফিল্টার বাটন থাকবে না।

♣ **To Create Advanced Filter** (এ্যাডভান্স ফিল্টার তৈরি) :

**NB** : Advanced Filter এর মাধ্যমে আমরা মনের ইচ্ছেমত নির্দিষ্ট কিছু Cell কে Copy করে ঐ Worksheet এর অধিনস্থ যে কোন ঠিকানায় পাঠাতে পারি। এজন্য

- ✓ Data Click
- ✓ Filter Select করার পর
- ✓ Advanced Filter Click করলে Advanced Filter Dialog Box আসবে তখন
- ✓ Copy To Another Location Click করে List Range, Criteria Range & Copy To পূরণ করার পর (প্রয়োজনে শিক্ষকের সাহায্য নিন)
- ✓ Ok Click করলেই নির্দিষ্ট তথ্যগুলো ঠিকানামত পৌঁছে যাবে। পরীক্ষা করে দেখতে পারেন।
- ✓

**3. FORM..... : ডেটা এন্ট্রির কাজ**

**(A). To Entry A New Record** (নতুন একটি রেকর্ড যোগ করা) :

- ✓ কিছু Record Entry করা থাকাবস্থায়
- ✓ Data Click
- ✓ Form Click করলে একটি Dialog Box আসবে তখন
- ✓ New Click করে নতুন ডেটা টাইপ করতে হবে। তার পর
- ✓ Close Click করলেই দেখা যাবে নতুন করে Entry করা Data গুলো সংযুক্ত হয়েছে।

**(B). To Edit The Record** (রেকর্ড সংশোধন বা পরিবর্তন করা) :

- ✓ কিছু Record Entry করা থাকাবস্থায়
- ✓ Data Click
- ✓ Form Click করলে একটি Dialog Box আসবে তখন
- ✓ Find Next Click করতে থাকলে এক এক করে পরবর্তী Record গুলো দেখাবে এবং Find Prev Click করলে এক এক করে পূর্ববর্তী Record গুলো দেখাবে। এই অবস্থায় যে Record (রেকর্ড)টি সংশোধন বা পরিবর্তন করতে চাই সেই Record (রেকর্ড)টি যখন দেখাবে তখন মনের ইচ্ছেমত পরিবর্তন বা সংশোধন করে
- ✓ Close Click করলেই মনের ইচ্ছেমত সংশোধিত বা পরিবর্তিত হয়ে যাবে।

**(C). To Delete The Record** (রেকর্ড মোছা) :

- ✓ কিছু Record Entry করা থাকাবস্থায়
- ✓ Data Click
- ✓ Form Click করলে একটি Dialog Box আসবে তখন
- ✓ Find Next Click করতে থাকলে এক এক করে পরবর্তী Record গুলো দেখাবে এবং Find Prev Click করলে এক এক করে পূর্ববর্তী Record গুলো দেখাবে। এই অবস্থায় যে Record (রেকর্ড)টি মোছতে চাই সেই Record (রেকর্ড)টি যখন দেখাবে তখন
- ✓ Delete Click
- ✓ Ok Click করলে ঐ Record (রেকর্ড)টি মোছে যাবে পরবর্তীতে
- ✓ Close Click করলেই Dialog Box টি চলে যাবে।

#### 4. TEXT TO COLUMNS (একই সেলের মধ্যের লেখাকে ভিন্ন ভিন্ন কলামে নিয়ে যাওয়া)

নিচে অঙ্কিত ছকটির অনুরূপ একটি ছক তৈরী করতে হবে। সেলের লেখাগুলোর মধ্যে একই সমান Spacebar দিতে হবে। তাহলে আসুন নিচে অঙ্কিত ছকটি তৈরী করি।

	A	B	C	D	E
1	NAME BASIC H-RENT M-ALU GROSS				
2	TUTUL 8000 600 400 9000				
3	RAKIB 5000 500 400 5900				
4	RAJON 6000 400 300 6700				
5	CHAND 7000 650 400 8050				

- ✓ এবার প্রথমে লেখাগুলো ব্লক করে তারপর
- ✓ Data Click করে, Text To Columns Click, Delimited Click করে, Next Click
- ✓ Space Click করে, Next Click, Text Click করে
- ✓ Finish Click করলেই প্রথম কলামের লেখাগুলো ধারাবাহিকভাবে ভিন্ন ভিন্ন কলামে চলে যাবে।

## \* \* Window menu \* \*

### 1. NEW WINDOW (একই ফাইলের একাধিক কপি) :

- ✓ Window Click করে
- ✓ New Window Click করলে একই ফাইলের একাধিক কপি তৈরী হয়ে ভিন্ন ভিন্ন উইন্ডোতে দেখাবে।

### 2. ARRANGE (ওপেন করা সব ফাইলগুলো একসাথে দেখা) :

- ✓ Window Click, Arrange Click করে যেকোন একটি
- ✓ Option Click করার পর, Ok Click করলেই Open করা File গুলো একসাথে দেখাবে।

### 3. Hide Window (খোলা উইন্ডো লুকিয়ে রাখা) :

- ✓ Window Click, Hide Click করলে Open করা Window টি লুকিয়ে যাবে।

### 4. Unhide Window (লুকিয়ে রাখা উইন্ডো ফিরিয়ে আনা) :

- ✓ Window Click, Unhide Click করলে Unhide Dialog Box আসবে তখন লুকিয়ে রাখা যে Workbook টি ফিলিয়ে আনতে চাই সেটি Select করে
- ✓ Ok Click করলেই Hide করা Window টি ফিরে আসবে।

### 5. SPLIT (স্ক্রীন কে কয়েকটি ভাগে ভাগ করা) :

- ✓ Window Click, Split Click করলেই স্ক্রীনটি ভাগ হয়ে যাবে।

### 5(a). To Delete SPLIT (স্ক্রীনকে একত্রিত করা) :

- ✓ Window Click, Remove Split Click করলেই স্ক্রীনটি একত্রিত হয়ে যাবে।

### 6. FREEZE PANES (রো স্থির করে রাখা) :

- ✓ যে Row কে Freeze করবো Pointer সে Row এর নিচে রেখে
- ✓ Window Click, Freeze Panes Click

### 6(a). To Delete FREEZE (ফ্রিজ উঠিয়ে দেওয়া) :

Window Click, Unfreeze Panes Click

\*\*\*\*\*

**To Create A Salary Sheet (কোন প্রতিষ্ঠানের বেতনের হিসাব বের করা) :**

**NB :** কোন প্রতিষ্ঠানের বেতনের হিসাব নির্দিষ্ট শর্তসাপেক্ষে করা হয়। প্রত্যেকের মূল বেতনের উপর ভিত্তি করে তাকে House Rent, Medical Allowance, Lunch, ইত্যাদি দেওয়া হয় এবং Provident Fund, Income Tax, Group Insurance ইত্যাদি তার বেতন থেকে রাখা হয়। মনে রাখবেন সবকিছুই করা হয় Basic অর্থাৎ মূল বেতনের উপর ভিত্তি করে। নিচে নির্দিষ্ট শর্তসাপেক্ষে একটি প্রতিষ্ঠানের বেতনের হিসাবকার্য সম্পাদনের পদ্ধতি দেওয়া হলো। আপনি কোন প্রতিষ্ঠানের বেতনের হিসাব বের করতে হলে ঐ প্রতিষ্ঠানের শর্তগুলো আগে জানতে হবে তারপর হিসাব শুরু করতে হবে। তাহলে আসুন আমরা নিম্নলিখিত ছকটি তৈরী করে বেতনের হিসাব বের করা শিখি।

	A	B	C	D	E	F	G	H	I	J	K
1	Name	Basic	H-Rent	Medical	Lunch	Gross	P-Fund	I-Tax	G-INS	T-Deduct	Net Pay
2	Tutul	8000									
3	Chand	9000									
4	Rakib	7000									
5	Rajon	6500									

এবার উক্ত ছকটিতে নিম্নলিখিত সূত্রগুলো প্রয়োগ করি। মনে রাখবেন নির্দিষ্ট Cell এর মধ্যে সূত্রগুলো প্রয়োগ করার পর Inter Press করতে হবে। নিম্নলিখিত সূত্রগুলো একটি নির্দিষ্ট শর্তের উপর ভিত্তি করে দেওয়া আছে। সূত্রগুলোর বিস্তারিত শর্তাবলী বুঝতে না পারলে শিক্ষকের সহায়তায় সমাধান করুন। ইহা পারলে যে কোন শর্তের উপর ভিত্তি করে বেতনের হিসাব বের করতে পারবেন।

\* C2 Cell এ Mouse Pointer রেখে :

$$=IF(B2>=8000,B2*45%,IF(B2>=6000,B2*35%,IF(B2>=4000,B2*22%,B2*15%)))$$

\* D2 Cell এ Mouse Pointer রেখে :

$$=IF(B2>=8000,B2*40%,IF(B2>=4500,B2*28%,B2*18%))$$

\* E2 Cell এ Mouse Pointer রেখে :

$$=IF(B2>=8000,B2*34%,B2*22%)$$

\* F2 Cell এ Mouse Pointer রেখে :

$$=SUM(B2:E2) \text{ অথবা } =B2+C2+D2+E2$$

\* G2 Cell এ Mouse Pointer রেখে :

$$=B2*12%$$

\* H2 Cell এ Mouse Pointer রেখে :

$$=IF(B2<5000,0,IF(B2<8000,(B2-5000)*1%,(B2-5000)*2%+90))$$

\* I2 Cell এ Mouse Pointer রেখে :

$$=IF(B2>=7000,B2*22%,B2*8%)$$

\* J2 Cell এ Mouse Pointer রেখে :

$$=SUM(G2:I2) \text{ অথবা } =G2+H2+I2$$

\* K2 Cell এ Mouse Pointer রেখে :

$$=+F2-J2$$

**To Copy The Formula (ফর্মুলা কপি করা) :** একটি বিষয় নিশ্চয়ই খেয়াল করেছেন আমরা সূত্র প্রয়োগের মাধ্যমে শুধুমাত্র কেয়া নামের বেতনের হিসাব করলাম। কিন্তু নিচের দিকে বিদ্যমান অন্যান্যদের হিসাবের কি হবে? যদি বলা হয় সবার হিসাবই সূত্র প্রয়োগের মাধ্যমে করতে হবে তাহলে অবশ্যই ভয় পাবেন। যদি পাঁচ হাজার লোক থাকে তাহলে খুবই সমস্যা তাই না? এবার আমরা শিখব কিভাবে খুব কম সময়ে সূত্র কপি করার মাধ্যমে সবার হিসাব বের করা যায়। বিভিন্ন পদ্ধতিতে আমরা কাজটি করতে পারি। জানা না থাকলে সবগুলো পদ্ধতি শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

**To Create A Result Sheet (ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফলাফল বের করা) :**

**NB :** কোন শিক্ষা প্রতিষ্ঠানে কাজ করতে হলে ছাত্র/ছাত্রীদের পরীক্ষার ফলাফল বের করতে হয়। যদি প্রতিষ্ঠানে অনেক ছাত্র/ছাত্রী থাকে তবে কম্পিউটার ছাড়া সবার ফলাফল বের করা অনেক কষ্টকর এবং অনেক সময়ের কাজ। তাই এই কাজটি খুব সহজে কম্পিউটার দিয়ে করে নেওয়া যায়। আসুন আমরা নিম্নবর্ণিত ছকের সাহায্যে কিভাবে খুব কম সময়ে সূত্র প্রয়োগের মাধ্যমে অনেক ছাত্র/ছাত্রীর পরীক্ষার ফলাফল বের করা যায় তা শিখি।

	A	B	C	D	E	F	G	H	I	J
1	SI-No	Name	Reg No	Rool No	Ban-1	Ban-2	Total	Eng-1	Eng-2	Total
2	001	Rakib	32598	05894			Formula			Formula
3	002	Rajon	32599	05895			Formula			Formula
4	003	Rafiq	32600	05896			Formula			Formula

K	L	M	N	O	P	Q	R	S	T
Math	Econo	Civics	Logic	History	Geography	Total	Division	P/F	Avg
						Formula	Formula	Formula	Formula
						Formula	Formula	Formula	Formula
						Formula	Formula	Formula	Formula

উক্ত ছকটি যথারীতি তৈরী করার পর ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত নম্বর ঠিকমত বসাতে হবে। ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত নম্বর স্বঃ স্বঃ ঘরে বসানোর পর নিম্নলিখিত সূত্রগুলো প্রয়োগ করলেই আমরা পরীক্ষার সঠিক ফলাফল পেয়ে যাব। মনে রাখবেন নির্দিষ্ট Cell এর মধ্যে সূত্রগুলো প্রয়োগ করার পর Inter Press করতে হবে।

\* **G2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=SUM(E2,F2) অথবা =E2+F2

\* **J2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=SUM(H2,I2) অথবা =H2+I2

\* **Q2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=SUM(G2+J2+K2+L2+M2+N2+O2+P2) (SUM ব্যবহার নিঃপ্রয়োজন)

\* **R2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=IF(Q2>=890,"STAND",IF(Q2>=750,"STAR",IF(Q2>=600,"FIRST",IF(Q2>=450,"SECOND",IF(Q2>=330,"THIRD","FAIL")))))

\* **S2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=IF(OR(G2<66,J2<66,K2<33,L2<33,M2<33,N2<33,O2<33,P2<33),"FAIL","PASS")

\* **T2 Cell** এ **Mouse Pointer** রেখে :

=Q2/10

**To Copy The Formula** (ফর্মুলা কপি করা) : Salary Sheet তৈরী করার সময় নিশ্চয়ই ফর্মুলা কপি করা শিখেছেন। ফর্মুলা কপি করার নিয়ম একই। Result Sheet এর ফর্মুলা কপি করা শিক্ষকের নিকট থেকে জেনে নিন।

**To Create A Commission Report (কমিশন রিপোর্ট তৈরী করা) :**

	A	B	C	D	E
1	SI-No	Code No	Name	Total Sale	Commission
2	001	BG-501	Md. Chand Ali	85000	Formula
3	002	BG-502	Rafiqul Islam	52050	Copy Formula
4	003	BG-503	Mr. Rajon	35000	Copy Formula
5	004	BG-504	Mr. Rakib	7000	Copy Formula
6	005	BG-505	Md. Kamal Hossain	47000	Copy Formula

**E2 Cell** এ **Mouse Pointer** রেখে:

=IF(D2<15000,D2\*6%,IF(D2<30000,D2\*12%,IF(D2<50000,D2\*20%,IF(D2<75000,D2\*25%,IF(D2>=75000,D2\*30%))))))

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Enter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। কি শর্তের উপর ভিত্তি করে সূত্রটি প্রয়োগ করেছেন তা বুঝতে পেরেছেন বলে আমার বিশ্বাস। কোন সমস্যা থাকলে শিক্ষকের সহায়তায় সমাধান করুন।

## To Create A Electric Bill (বিদ্যুৎ বিল তৈরী করা) :

বিদ্যুৎ বিল তৈরী করার পূর্বে Company কর্তৃক প্রদত্ত শর্তগুলো জেনে নিতে হবে। যদি শর্তগুলো এরকম হয় যে, গ্রাহক ১২০ ইউনিটের নিচে খরচ করলে তার বিল হবে ১.২ টাকা হারে। ২১০ ইউনিটের নিচে খরচ করলে তার বিল হবে ১.৭৫ টাকা হারে। ৩৫০ ইউনিটের নিচে খরচ করলে তার বিল হবে ২.১ টাকা হারে। ৫০০ ইউনিটের নিচে খরচ করলে তার বিল হবে ২.৭ টাকা হারে। এবং গ্রাহক ৫০০ ইউনিটের বেশী যতই খরচ হোক না কেন তার বিল হবে ৩.১ টাকা হারে। উপরোক্ত শর্তসাপেক্ষে অনেক গ্রাহকের মোট বিদ্যুৎ বিল তৈরী করার জন্য নিচের ছক ও সূত্র ব্যবহার করুন। Cell No, Total Unit, Unit Price, Etc পরিবর্তন যোগ্য। প্রয়োজনে শিক্ষকের নিকট থেকে প্রশ্নানুসারে সূত্রের প্রয়োগ বুঝে নিন।

	A	B	C	D	E
1	SI-No	Meter No	Customer Name	Total Unit	Total Bill
2	001	10001	Md. Sazed Hossain (Chad)	850	Formula
3	002	10002	Rakib Hasan	350	Copy Formula
4	003	10003	Mr. Rajon	480	Copy Formula
5	004	10004	Mr. Rafiqul Islam	290	Copy Formula
6	005	10005	Md. Azibor	100	Copy Formula

**E2 Cell** এ **Mouse Pointer** রেখে:

=IF(D2<120,D2\*1.2,IF(D2<210,D2\*1.75,IF(D2<350,D2\*2.1,IF(D2<500,D2\*2.7,IF(D2>500,D2\*3.1))))))

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Enter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। এবার Formula Copy করুন। নিশ্চয়ই সবার ফলাফল পেয়েছেন। এভাবেই অনেক গ্রাহকের বিদ্যুৎ বিল তৈরী করা যায়।

\*\*\*\*\*

## To Create A Wage Sheet (মজুরী সীট তৈরী করা) :

**প্রশ্ন :** একটি প্রাইভেট কোম্পানীতে এই শর্তে কিছু লোক নিয়োগ করা হলো যে, তাদের সবাইকে নিয়মিত ৮ ঘন্টা করে কাজ করতে হবে। এই ৮ ঘন্টা কাজের প্রতি ঘন্টার জন্য তাদেরকে ২০ টাকা করে বেতন প্রদান করা হবে। আর এই ৮ ঘন্টার অতিরিক্ত যে যত ঘন্টা কাজ করবে সেই সময়ের জন্য প্রতি ঘন্টায় তাদেরকে ২৮ টাকা করে প্রদান করা হবে। এই শর্তানুসারে Overtime & Total Payment এর হিসাব বাহির করতে হবে। এই সমস্যা সমাধানের জন্য নিম্নে বর্ণিত ছক এবং সূত্রগুলো অনুসরণ করুন।

	A	B	C	D	E	F
1	SI-No	Code No	Name	Working Hour	Over Time	Total Payment
2	001	IIT-101	Kamrul Islam	15	Formula	Formula
3	002	IIT-102	Razzak Ali	12	Copy Formula	Copy Formula
4	003	IIT-103	Babul Ali Khan	8	Copy Formula	Copy Formula
5	004	IIT-104	Rabiul Mia	18	Copy Formula	Copy Formula
6	005	IIT-105	Zafor Bhuiyan	16	Copy Formula	Copy Formula

**E2 Cell** এ **Mouse Pointer** রেখে: =IF(D2>=8,D2-8,0)

**F2 Cell** এ **Mouse Pointer** রেখে: =IF(E2>0,8\*20+E2\*25,D2\*20)

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Enter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। এবার Formula Copy করুন। নিশ্চয়ই সবার ফলাফল পেয়েছেন। এভাবেই অনেক শ্রমিকের মজুরী সীট তৈরী করা যায়।

\*\*\*\*\*

**To Create A Premium Report (বীমা কোম্পানীর প্রিমিয়াম রিপোর্ট তৈরী করা) :**

যে কোন বীমা কোম্পানীরই নির্ধারিত কিছু শর্ত থাকে এবং সেই শর্তের উপর ভিত্তি করেই Premium নির্ধারণ করা হয়। মনে করুন একটি বীমা কোম্পানীর শর্ত যদি এরকম হয় যে, বয়স ১৫ বছরের নিচে হলে Premium হবে ১৫০০ টাকা। বয়স ৩০ বছরের নিচে হলে Premium হবে ২০০০ টাকা। বয়স ৪৫ বছরের নিচে হলে Premium হবে ২৪০০ টাকা। বয়স ৪৫ বছরের উপরে যতই হোক এর জন্য Premium হবে ২৮০০ টাকা। উল্লিখিত শর্তানুসারে ভিন্ন ভিন্ন নাম ও বয়স বসালে কার কত Premium হবে তা রেব করুন।

	A	B	C	D	E
1	Sl-No	Code No	Name	Age	Premium
2	001	TU-1001	Md. Rahim Ali Khan	85	Formula
3	002	TU-1002	Rafiqul Islam	52	Copy Formula
4	003	TU-1003	Mr. Rajon	35	Copy Formula
5	004	TU-1004	Mr. Rakib	7	Copy Formula
6	005	TU-1005	Md. Kamal Hossain	28	Copy Formula

**E2 Cell এ Mouse Pointer** রেখে: =IF(D2<15,1500,IF(D2<30,2000,IF(D2<45,2400,2800)))

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Inter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। কি শর্তের উপর ভিত্তি করে সূত্রটি প্রয়োগ করেছেন তা বুঝতে পেরেছেন বলে আমার বিশ্বাস। কোন সমস্যা থাকলে শিক্ষকের সহায়তায় সমাধান করুন।

**To Create A Sales Report (বিক্রয় রিপোর্ট তৈরী করা) :**

	A	B	C	D	E	F	G	H	I	J
1	Sl-No	Code No	Name of Item	Quantity	Unit Price	Total Price	Commission	Payment	Paid	Return
2	001	MB-501	Rice	8	220				2000	
3	002	MB-502	Tea	5	56				500	
4	003	MB-503	Sugar	7	850				6000	
5	004	MB-504	Soap	3	105				500	
6	005	MB-505	Fish	15	85				1500	

**F2 Cell এ Mouse Pointer** রেখে: =D2\*E2

**G2 Cell এ Mouse Pointer** রেখে: =F2\*5%

**H2 Cell এ Mouse Pointer** রেখে: =F2-G2

**I2 Cell এ Mouse Pointer** রেখে: =I2-H2

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Inter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। কি শর্তের উপর ভিত্তি করে সূত্রটি প্রয়োগ করেছেন তা বুঝতে পেরেছেন বলে আমার বিশ্বাস। কোন সমস্যা থাকলে শিক্ষকের সহায়তায় সমাধান করুন।

**To Create A Bank Pass Book (ব্যাংক পাস বই তৈরী করা) :**

	A	B	C	D	E
1	Date & Time	Previous Balance	Deposit	Withdraw	Current Balance
2	05/06/02	5000			Formula
3	06/08/02	Formula	6500	500	Copy Formula
4	08/09/02	Copy Formula		5000	Copy Formula
5	12/12/02	Copy Formula	4000		Copy Formula
6	02/02/03	Copy Formula		10000	Copy Formula

**E2 & B3 Cell এ Mouse Pointer** রেখে: =B2+C2 -D2

উক্ত সূত্রটি প্রয়োগ করা হয়ে গেলে Inter Press করুন। আশাকরি ফলাফল পেয়ে গেছেন। এবার Formula Copy করুন। টাকা জমা ও উঠানোর পর কিভাবে তা প্রয়োগ করতে হবে বিস্তারিত শিক্ষকের নিকট থেকে জেনে নিন।